০7 NOV 1986

তারিখ 07 Nov. 1986
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ...

দৈনিক ইত্তেফাক

48

## লক্ষ্মীপুর সরকারী কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ

লক্ষ্মীপুর সংবাদদাতা জানান, লক্ষ্মীপুর সরকারী কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হইয়াছে। জানা যায়, গত ২৬শে অক্টোবর ছাত্র সংসদ নির্বাচনকে কেন্দ্র করিয়া কলেজ ক্যাম্পাসে জাতীয়তাবাদী ছাত্র দল ও ছাত্র শিবিরের মধ্য মারামারি হয়। এই মারামারি এক পর্যায়ে শহরে ছড়াইয়া পড়ে এবং বাজারের ২/৩টি

(১১শ পৃঃ দ্রঃ)

## লক্ষ্মীপুর সরকারী কলেজ

(৩য় পৃঃ পর)

দোকান ভাংচুর হয়। নির্বাচনে অংশ গ্রহণকারী ছাত্র সংগঠনগুলি নির্বাচন বন্ধ করিবার জন্য লিখিত দাবী জানায় বলিয়া অধ্যক্ষ সূত্রে জানা গিয়াছে। এদিকে উত্তেজনাকর পরিস্থিতি বিরাজ করায় কলেজ কর্তৃপক্ষ ছাত্র সংসদ নির্বাচন ও কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেন। ২রা নভেম্বর নির্বাচন অনুষ্ঠানের কথা ছিল। এই ঘটনাকে কেন্দ্র করিয়া ৩০শে অক্টোবর শহরে অর্ধদিবস হরতাল পালিত হয়।